



ভোটের সময় মাঠে থাকবে প্রায় দশ লাখ আইনশৃঙ্খলা সদস্য: ইসি



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে কেন্দ্র করে দেশজুড়ে বড় পরিসরে নিরাপত্তা ব্যবস্থা নিয়েছে নির্বাচন কমিশন। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট নিশ্চিত করতে প্রায় ৯ লাখ ৫৮ হাজার আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মাঠে থাকবেন।

ইসি কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ জানান, দায়িত্ব পালনে ২ হাজার ৯৮ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও ৬৫৭ জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োজিত থাকবেন। সেনাবাহিনীর ১ লাখ ৩ হাজার এবং বিমান বাহিনীর ৩ হাজার ৫০০ সদস্য মোতায়েন থাকবে। পাশাপাশি ৫টি জেলার ১৭টি আসনে নৌবাহিনীর ৫ হাজার সদস্য দায়িত্ব পালন করবেন।

বিজিবির ১ হাজার ২১০ প্লাটুনের মোট ৩৭ হাজার ৪৫৩ সদস্য মাঠে থাকবেন। কোস্টগার্ড ১০টি জেলার ১৭টি আসনের ২০টি উপজেলার ৬৯টি ইউনিয়নের ৩৩২টি কেন্দ্রে ৩ হাজার ৫৮৫ সদস্য মোতায়েন করবে।

পুলিশ বাহিনীর ১ লাখ ৮৭ হাজার ৬০৩ এবং র্যাবের ৯ হাজার ৩৪৯ সদস্য দায়িত্বে থাকবেন। এ ছাড়া আনসার থেকে ৫ লাখ ৬৭ হাজার ৮৬৮ জন এবং বিএনসিসির ১ হাজার ৯২২ সদস্য নির্বাচনী নিরাপত্তায় যুক্ত থাকবেন।